# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৫২

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ আমাদের বর্ণনানুযায়ী একমাত্র উটের গোসত ব্যতীত অন্য যে কোন আগুনে পাকানো জিনিস খেলে ওযূ করা ওয়াজিব নয় মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْوُضُوءَ لَا يَجِبُ مِنْ أَكْلِ مَا مسَّته النَّارُ خَلَا لَحْمِ الْجَزُورِ لِلْأَمْرِ الَّذِي وَصَفْنَاهُ قَبْلُ

---

আরবী

1152 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا الْقَعْنَبِيُّ عَنْ مَالِكٍ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ بَشِيرِ بْنِ يَسَارٍ أَنَّ سُوَيْدَ بْنَ النُّعْمَانِ أَخْبَرَهُ: أَنَّهُ خَرَجَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَامَ خَيْبَرَ حَتَّى إِذَا كُنَّا بِالصَّهْبَاءِ ـ وَهِيَ مِنْ أَدْنَى خَيْبَرَ ـ نَزَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى الْعَصْرَ ثُمَّ دَعَا بِالْأَزْوَادِ فَلَمْ يُؤْتَ إِلَّا بِالسَّوِيقِ فَأَمَرَ بِهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَثُرِّيَ فَأَكَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَكَلْنَا مَعَهُ ثُمَّ قَامَ إِلَى المغرب فمضمض ومضمضنا ولم يتوضأ.
الراوي : سُوَيْد بْن النُّعْمَانِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1152 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

১১৫২. সুয়াইদ বিন নু‘মান রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নিশ্চয়ই তিনি খায়বার যুদ্ধের বছরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে বের হন, এভাবে যখন আমরা সাহাবহ নামক জায়গায় পৌঁছলাম, এটি খায়বারের নিকটবর্তী একটি জায়গা- তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যাত্রাবিরতি দিলেন অতঃপর আসরের সালাত আদায় করলেন তারপর তিনি খাদ্য-খোরাক আনতে বললেন কিন্তু ছাতু ছাড়া আর কোন খাবার আনা হলো না। রাসূল  সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেগুলোকে পানিতে গুলার নির্দেশ দিলেন, অতঃপর সেগুলোকে গুলা হলো। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেগুলো খেলেন আমরাও তাঁর সাথে খেলাম। তারপর তিনি মাগরিবের সালাতের উদ্দেশ্যে দাঁড়ালেন, এবং কুলি করলেন আমরাও কুলি করলাম কিন্তু তিনি ওযূ করলেন

না।”[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/২৬; সহীহ বুখারী: ২০৯; নাসাঈ: ১/১০৮-১০৯; তাহাবী, শারুহ মা‘আনিল আসার: ১/৬৬; সুনান বাইহাকী: ১/১৬০; তাবারানী: ৬৪৫৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৭১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ১১৫২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সুওয়াইদ ইবনু নু‘মান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90465

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন